

ফতওয়া নং ৩১২

প্রশ্ন:

গর্ভবতী মহিলার রোজা থাকা অবস্থায় বমি হলে রোজা হবে কিনা ?

উত্তর:

দুটি ক্ষেত্রে বমির কারণে রোযা নষ্ট হয়—

- (১) যদি মুখ ভরে বমি হয় আর রোযা স্মরণে থাকা সত্ত্বেও বমির কিছু অংশ ইচ্ছাকৃত গিলে ফেলে।
- (২) ইচ্ছাকৃত মুখ ভরে বমি করলে।

এই দুটি ছাড়া অন্য কোন বমির দ্বারা রোযা নষ্ট হয় না। (আল বাহরুররইক্ক ২/২৭৪, ফাতাওয়া দারুল উলুম দেওবন্দ ৩/২৮৯)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
০৮ রমাযান, ১৪৪৫ হিজরী (19/03/2024)